# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 02.04.24** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) লোকসভা ভোটের আগেই রাজ্য নির্বাচন দফতরের দুই আধিকারিককে সরিয়ে দেওয়া হয়েছে।

২) ঝঞ্ঝা বিধ্বস্ত জলপাইগুড়ির ভোটদাতারা যাতে তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ থকে বঞ্চিত না হন নির্বাচন কমিশন তা নিশ্চিত করবে।

৩) রেশন দুর্নীতিকান্ডে ধৃত শেখ শাহজাহানের ৩১ কোটি টাকা মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে বলে ইডি আদালতে জানিয়েছে।

৪) রাজ্যে স্কুলগুলিতে এবছর গরমের ছুটি শুরু হবে ৬ই মে। চলবে দোসরা জুন পর্যন্ত।

৫) চৈত্র মাস শেষ হওয়ার আগেই রাজ্যে তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

---

রাজ্য নির্বাচন দফতরের দুই আধিকারিককে সরিয়ে দেওয়া হয়েছে। প্রথম দফার ভোটের আগেই রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অমিত রায় চৌধুরী এবং যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক রাহুল নাথ কে তাঁদের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হল বলে নির্বাচন কমিশন গতকাল এক নির্দেশিকায় জানিয়েছে। তবে কি কারণে এই

অপসারণ সে ব্যাপারে কিছু জানা যায়নি। এই পদে কারা আসবেন তা স্থির করবে দিল্লীর নির্বাচন সদন। এজন্য ৬জনের নাম পাঠানো হতে পারে বলে জানা গেছে।

-------------------------

ঝঞ্ঝা বিধ্বস্ত জলপাইগুড়ির ভোটদাতারা যাতে তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ থেকে বঞ্চিত না হন নির্বাচন কমিশন তা সুনিশ্চিত করবে বলে জানিয়েছে। প্রাকৃতিক দুর্যোগের কারণে যে সব ভোটদাতাদের সচিত্র পরিচয় পত্র সহ অন্যান্য নথি হারিয়ে গেছে বা নষ্ট হয়ে গেছে তাঁরা ভোটার স্লিপ দেখিয়েই ভোট দিতে পারবেন। ভোটার তালিকায় নাম থাকলেই তাঁরা ভোট দেওয়ার সুযোগ পাবেন বলে নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে।

অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, জলপাইগুড়িতে ঝড়ে ১১ টি নির্বাচনী বুথ ক্ষতিগ্রস্ত। সেগুলি মেরামতির কাজ শুরু হয়েছে। তবে আলিপুরদুয়ারে এই ঝড়ে বিশেষ কোনো ক্ষয়ক্ষতি হয়নি।

বাইট

উল্লেখ্য, লোকসভা নির্বাচনের প্রথম দফায় আগামী ১৯ এপ্রিল কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়িতে ভোট নেওয়া হবে।

-------------------------

ঝড়ে বিধ্বস্ত জলপাইগুড়ি সহ কোচবিহার ও আলিপুরদুয়ারে পরিস্থিতির ব্যাপারে খোঁজ খবর নিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে কথা বলেছেন। বিপদের এই সময় সব ধরনের সহায়তার আশ্বাস দেন তিনি।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস গতকাল জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে আহতদের দেখতে যান।

ঝড় বিধ্বস্ত এলাকা পরিদর্শনও করেন তিনি। আহতদের সঙ্গে কথা বলেছেন শুভেন্দু অধিকারীও।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকাল পরিস্থিতি খতিয়ে দেখেন।

এদিকে, রবিবার ঝড়বৃষ্টির পর ঐ রাতেই মুখ্যমন্ত্রী জলপাইগুড়ি পৌঁছে যান। আগামীকাল পর্যন্ত তাঁর জেলায় থাকার কথা। আজও তিনি চালসায় থাকবেন বলে জানা গেছে। বৃহস্পতিবার সেখান থেকেই উত্তরবঙ্গে নির্বাচনী প্রচার শুরু করবেন মুখ্যমন্ত্রী।

অন্যদিকে অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ কোচবিহার সাংগঠনিক জেলার সঙ্গে ঘরোয়া বৈঠক করতে পারনে। লোকসভা ভোটের রণকৌশল স্থির করতে এই বৈঠক বলে মনে করা হচ্ছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ দক্ষিণ ২৪ পরগণায় ভোট প্রচারে যোগ দেবেন। জয়নগর লোকভায় ক্যানিং বাজারে দলীয় প্রার্থীর সমর্থনে এক পদযাত্রায় নেতৃত্ব দেবেন তিনি।

অন্যদিকে, বামফ্রন্ট প্রার্থী মহম্মদ সেলিম এবং সুজন চক্রবর্তী নির্বাচনী প্রচার সারবেন।

অন্যান্য দলের প্রার্থীরাও বিভিন্ন কেন্দ্রে মিটিংমিছিল জনসভায় অংশ নিচ্ছেন।

------------------------

জনসাধারণের সুবিধার্থে পুলিশ প্রশাসন সম্পর্কিত যে কোন সমস্যা ও অভিযোগ সরাসরি জানানোর জন্য একটি সুনির্দিষ্ট হোয়্যাটসএপ নম্বর চালু করল রানাঘাট পুলিশ জেলা কর্তৃপক্ষ। নম্বরটি হল 9046020101। এক প্রেস বিজ্ঞপ্তিতে রানাঘাট পুলিশ জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ জানানো হয়েছে যে এই নির্দিষ্ট নম্বরে অভিযোগ বা উপদেশ সরাসরি পুলিশ সুপারকে জানানো যাবে। শুধু হোয়াটস এপের মাধ্যমে নয়, এই নম্বরে ফোন করে কথা বলে পুলিশ প্রশাসন সম্পর্কে যে কোন বিষয়ে অভিযোগ, সমস্যা ও পরামর্শ জানানো যাবে। পাশাপাশি পাসপোর্ট এর পুলিশ ভেরিফিকেশন সংক্রান্ত কোন সমস্যা ও অভিযোগ থাকলে তাও জানানো যাবে।

------------------------

রেশন দুর্নীতি কাণ্ডে ধৃত শেখ শাহজাহান ভেড়ির ব্যবসার আড়ালে কালো টাকা সাদা করা হত বলে আদালতে অভিযোগ করেছে ইডি। গতকাল ইডির বিশেষ আদালতের বিচারক শুভেন্দু সাহা তাকে ১৩ই এপ্রিল পর্যন্ত ইডি হেফাজতের নির্দেশ দেন। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি, এখনও পর্যন্ত শাহজাহানের ৩১ কোটি টাকার বেশি বেআইনী লেনদেনের হদিশ মিলেছে। ইতোমধ্যেই ঐ মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে।

এদিকে, সন্দেশখালিতে তিন বিজেপি কর্মী খুনের ঘটনায় রাজ্য পুলিশের কাজ নিয়ে অসন্তোষ প্রকাশ করেছএ কলকাতা হাইকোর্ট। ঐ মামলায় নিম্ন আদালতের বিচার প্রক্রিয়ার ওপর স্থগিতাদেশ দেন বিচারপতি জয় সেনগুপ্ত। এরপরেও তদন্তকারী অফিসার নিম্ন আদালতে চার্জশিট জমা দিয়েছেন বলে মামলাকারীর দাবি। জানা গেছে, ২০১৯ সালে সন্দেশখালিতে তিন বিজেপি কর্মী খুনের ঘটনায় শেখ শাহজাহনের বিরুদ্ধে অভিযোগ থাকলেও পুলিশ তার নাম চার্জশিটে পেশ করে নি। হাইকোর্টের নির্দেশ

অমান্য করলে আদালত অবমাননার রুল জারি করা হবে বলে বিচারপতি সেনগুপ্ত হুঁশিয়ারি দিয়েছেন। আগামীকাল এই মামলার পরবর্তী শুনানি রয়েছে।

------------------------

১০০ দিনের কাজের টাকায় দুর্নীতির অভিযোগে গাইঘাটা থানার পুলিশ প্রসেনজিৎ ঘোষ ও রূপালি ঘোষ নামে যে ২ জন কে গ্রেপ্তার করে, তাদের বনগাঁ আদালতে তোলা হলে বিচারক চার দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।১০০ দিনের কাজের সুপারভাইজার ছিলেন এরা। বেশ কয়েকজন শ্রমিকদের সই জাল করে টাকা আত্মসাৎ করার অভিযোগ রয়েছে এদের বিরুদ্ধে।গাইঘাটার বিডিও নীলাদ্রি সরকারের সুপারিশের ভিত্তিতে এদের দুজনকে গ্রেফতার করা হয়।

এদিকে এই ঘটনায় গাইঘাটা ব্লক অফিসে এসে অভিযোগ জানন উত্তর চব্বিশ পরগনা জেলার গাইঘাটার সুটিয়া পঞ্চায়েত এলাকার বাসিন্দারা। তাদের এই আন্দোলনে শামিল হয় বিজেপি নেতারা। ১০০ দিনের শ্রমিকদের অভিযোগ কাজের যে ন্যায্য টাকা সেই টাকা তারা পাননি। পাশাপাশি যারা কাজ করেনি তাদের একাউন্টে টাকা ঢোকানো হয়েছে।

------------------------

গার্ডেনরীচ বাড়ি ভেঙ্গে পড়ার ঘটনায় আরো একজনকে গ্রেপ্তার করা হয়েছে। শেখ রিপন নামে ওই লেবার কন্ট্রাকটরকে গতরাতে পুলিশ গ্রেপ্তার করে। তাকে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। এই নিয়ে এই ঘটনায় মোট তিন জনকে গ্রেপ্তার করা হলো। এর আগে পুলিশ জমির মালিক ও প্রমোটারকে ধরে। ওই ঘটনায় মৃত্যু হয় ১২ জনের। আহত হন আরও অনেক।

------------------------

লোকসভা নির্বাচন চলাকালীন নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্তদের ভার্চুয়ালি আদালতে পেশ করতে হবে বলে আলিপুর সিবিআই বিশেষ আদালতের বিচারক নির্দেশ দিয়েছেন। গতকাল ঐ মামলায় প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সহ বাকিদের আদালতে হাজির করা হয়। বিচারক জানান অভিযুক্তদের নিরাপত্তা ব্যবস্থায় পুলিশ কর্মীর অভাব থাকায় ভার্চুয়াল শুনানি হবে। দোসরা মে এব্যাপারে পরবর্তী শুনানি হওয়ার কথা।

অন্যদিকে নিয়োগ দুর্নীতির প্রাথমিকের মামলা আলিপুর থেকে বিচার ভবনে সিবিআই বিশেষ আদালতে স্থানান্তরে আবেদন জানিয়েছ ইডি। এই মামলায় তাপস মন্ডল ও কুন্তল ঘোষ সহ পাঁচ জন অভিযুক্ত। তারা অবশ্য মামলা স্থানান্তরের বিরোধিতা করেছে।

------------------------

রাজ্যের সরকারি স্কুলগুলিতে এ বছর গরমের ছুটি শুরু হবে ৬ই মে থেকে। চলবে দোসরা জুন পর্যন্ত। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে এও বলা হয়েছে, লোকসভা ভোটের কারণে সংশ্লিষ্ট এলাকাগুলিতে গরমের ছুটির আগেই বেশ কিছু স্কুলে পঠনপাঠন বন্ধ থাকবে।

১৯ এপ্রিল প্রথম দফায় কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি কেন্দ্রে ভোটের জন্য ওই তিন জেলায় ১৬ই এপ্রিল থেকে বিশে এপ্রিল পর্যন্ত সব স্কুলে ছুটি থাকবে।

এছাড়া ২৬ শে এপ্রিল দ্বিতীয় দফায় দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট কেন্দ্রে ভোটের জন্য ২৪ থেকে ২৭শে এপ্রিল দার্জিলিং, কালিম্পং, উত্তর ও দক্ষিণ দিনাজপুরের বিদ্যালয়গুলি বন্ধ রাখা হচ্ছে।

উল্লেখ্য, ভোটের ফলাফল ঘোষণা করা হবে ৪ঠা জুন। তার আগেই অবশ্য গরমের ছুটি শেষ হচ্ছে।

এদিকে, সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে গরমের ছুটি এগিয়ে নিয়ে আসা এবং প্রথম দু'দফা ভোটের তিন দিন আগে থেকে স্কুল বন্ধ রাখার নির্দেশে বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির পক্ষ থেকে তীব্র প্রতিবাদ জানানো হয়েছে। বিগত বছরগুলির মতো এবারও গরমের ছুটি বৃদ্ধির ক্ষেত্রে শিক্ষক সংগঠনের কোনো মতামতের ছাড়াই চূড়ান্ত অগণতান্ত্রিকভাবে ছুটি ঘোষণা করা হয়েছে বলে সমিতির সম্পাদক আনন্দ হান্ডা অভিযোগ করেন। তিনি বলেন, নির্বাচনের জন্য অতিরিক্ত ছুটি অপ্রয়োজনীয়।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, ৬ই মে আসতে এখনও একমাসের বেশী সময় বাকী। এখন থেকে এইভাবে নোটিশ দেওয়াটা বাস্তব সম্মত নয় ।

------------------------

চৈত্র মাস শেষ হওয়ার আগেই তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে পশ্চিমের জেলাগুলিতে। গাঙ্গেয় দক্ষিণবঙ্গে আগামী দু-তিন দিন ঘর্মাক্ত এবং অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। বঙ্গপোসাগর থেকে জলীয় বাষ্পের যোগান না থাকায় পশ্চিমের দিক থেকে শুষ্ক গরম হাওয়া প্রবেশ করছে। এই পরিস্থিতিতে আপাতত দক্ষণবঙ্গে ঝড় বৃষ্টির খবর নেই। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা গণেশ চন্দ্র দাস জানিয়েছেন,

বাইট

তাপপ্রবাহ জনিত পরিস্থিতি সামাল দিতে আবহাওয়া দপ্তর একগুচ্ছ পরামর্শ দিয়েছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে তিন ডিগ্রি বেশি।

এদিকে, উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় আজও বজ্র বিদ্যুত্ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

-----------------------

আজ বিশ্ব অর্টিজম সচেতনতা দিবস। ২০০৭ সালে রাষ্ট্র সংঘের সাধারণ সভা দোসরা এপ্রিলকে বিশ্ব অর্টিসম সচেতনতা দিবস হিসাবে স্বীকৃতি দেয়। অর্টিস্টিক নাগরিকদের মানবিক ও মৌলিক অধিকারকে সুরক্ষিত করতে ও সাধারণ মানুষকে আরও সচেতন করতে এই দিনটি পালিত হয়। দিনটি পালনে সরকার ও বেসরকারি ক্ষেত্রে একাধিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

-----------------------

ইডেনে আগামী ১৭ ই এপ্রিল নির্ধারিত রাজস্থান রয়্যালস ও কেকেআরের মধ্যে আইপিএএলের ম্যাচের দিন পরিবর্তনের জন্য সিএবি বিসিসিআই এর কাছে প্রস্তাব দিয়েছে। কলকাতা পুলিশের তরফে গতকাল সিএবি সভাপতি স্নেহাসিশ গাঙ্গুলিকে চিঠি দিয়ে জানানো হয়েছে, ঐ দিন রামনবমী পড়েছে, পাশাপাশি পুলিশের একাংশ প্রথম দফা ভোটের জন্য অন্যত্র মোতায়েন থাকবে, ফলে ঐ দিন ম্যাচকে কেন্দ্র করে পর্যাপ্ত পুলিশি নিরাপত্তা দেওয়া সম্ভব হবে না। এই চিঠির প্রেক্ষিতে সিএবির পক্ষ থেকে ম্যাচ একদিন এগিয়ে আনা বা একদিন পিছিয়ে দেওয়ার জন্য বিসিসিআই এর কাছে দাবি জানানো হয়েছে।

----------------------- -----------------------